

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৯০.০০৩.২১-২৩৩

তারিখ: ১৭/১১/২০২১ খ্রিঃ
০২/০৮/১৪২৮ বাং

“বিজ্ঞপ্তি”

বিষয়: বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম A4 সাইজ কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতঃ যথাযথ কর্মকর্তার মাধ্যমে অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর পূর্বক সিলগালাযুক্ত খামে ফরোয়াডিংপত্র প্রেরণ প্রসংগে।

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীর গোপনীয় অনুবেদনের কার্যক্রম বাৎসরিকভাবে যথাসময়ে সম্পন্ন করা সংশ্লিষ্ট সকলের কর্তব্য এবং গোপনীয় অনুবেদন ফর্ম পূরণের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতঃ সকল কর্মকর্তাদের (৯ম গ্রেড বা তদুর্ধ্ব, নতুন ফরমে এবং ১০-১১ গ্রেড, পুরাতন ফরমে) ২০২১ সালের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন সম্পন্ন করে যথাসময়ে কর্মচারী পরিদপ্তরে প্রেরণ করতে হবে। তৃতীয় শ্রেণীর কর্মচারীদের গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট দপ্তর প্রধানের নিকট সংরক্ষণের জন্য সকল অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২০ সাল হতে নতুন গোপনীয় অনুবেদন ফর্ম A4 সাইজ কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট, পূরণ ও দাখিলের সময় সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবী, সময়কাল সুস্পষ্টভাবে লিখে যথাস্থানে কর্মকর্তার নাম, আইডি নং, পদবী, দপ্তরযুক্ত সীলমোহর ব্যবহার করতে হবে এবং অবশ্যই সীলগালা যুক্ত খামের উপর ফরোয়াডিংসহ কর্মচারী পরিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নির্ধারিত সময়সূচীর মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন পেশ করার ব্যর্থতা সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তা/অনুবেদনকারী কর্মকর্তা/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার গুরুতর ত্রুটি বলে বিবেচিত হবে ও প্রয়োজনবোধে তাঁদের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসম্পূর্ণ/যথানিয়ম ব্যতিরেকে গোপনীয় অনুবেদন বা নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।

বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট পৌঁছানোর বিষয়ে দপ্তর প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

নির্দেশক্রমে,

(ফোজিয়া ইয়াসমীন)

পরিচিতি নং-০২-০০৭১

অতিরিক্ত পরিচালক (কর্ম)

ফোন: ০২২২৩৩৮৫৫৭

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.২১০.৯০.০০৩.২১-২৩৩

তারিখ: ১৭/১১/২০২১ খ্রিঃ
০২/০৮/১৪২৮ বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সকল দপ্তর প্রধান

... .. বিউবো,

(শেখ খায়রুজ্জামান)

পরিচিতি নং-০২-০২৮৫

সহকারী পরিচালক-১২ (কর্ম)

ফোন: ২২৩৩৫৫০৪৩, ০১৭১০৮৮৮১৭৮

ই-মেইল: zaman.3eye@gmail.com